# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফজরের পর দুই রাকা‘আত চাশতের সালাত আদায়কারীর জন্য বিশাল গানীমত লাভ সাব্যস্তকরণ

## ذِكْرُ إِثْبَاتِ أَعْظَمِ الْغَنِيمَةِ لمُعْقِب صَلَاةَ الْغَدَاةِ بركعتي الضحى

আরবী

2526 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ عَنْ حُمَيْدِ بْنِ صَخْرٍ عَنِ الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: بَعَثَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْثًا فَأَعْظَمُوا الْغَنِيمَةَ وَأَسْرَعُوا الْكَرَّةَ فَقَالَ رَجُلٌ: يَا رَسُولَ اللَّهِ مَا رَأَيْنَا بعثَ قومٍ أَسْرَعَ كَرَّةً وَلَا أَعْظَمَ غَنِيمَةً مِنْ هَذَا الْبَعْثِ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَلَا أُخْبِرُكُمْ بِأَسْرَعَ كَرَّةً وَأَعْظَمَ غَنِيمَةً مِنْ هَذَا الْبَعْثِ؟ رجلٌ تَوَضَّأَ فِي بَيْتِهِ فَأَحْسَنَ وُضُوءَهُ ثُمَّ تحمَّل إِلَى الْمَسْجِدِ فصلَّى فِيهِ الْغَدَاةَ ثُمَّ عقَّبَ بِصَلَاةِ الضُّحَى فَقَدْ أَسْرَعَ الْكَرَّةَ وَأَعْظَمَ الْغَنِيمَةَ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2526 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (2531)، ((التعليق الرغيب)) (1/ 235).

বাংলা

২৫২৬. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার অভিযানে একটা সেনাদল পাঠান। অতঃপর তারা বিশাল গানীমত লাভ করেন এবং দ্রুত ফিরে আসেন। তখন এক ব্যক্তি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এই সেনাদল ছাড়া আমরা কোন কওমের এমন কোন সেনাদল দেখি নাই যারা অতি দ্রুত ফিরে আসে অথচ বিশাল পরিমান গানীমত লাভ করে!” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমি কি তোমাদের এমন কারো সম্পর্কে জানাবো না যিনি এই সেনাদলের চেয়ে বেশি গানীমত লাভ করে এবং অতি দ্রুত ফিরে আসে? এটা হলো ঐ ব্যক্তি, যিনি বাড়িতে উত্তমরুপে ওযূ করে তারপর কষ্ট স্বীকার করে মাসজিদে গমন করে অতঃপর তাতে ফজরের সালাত আদায় করে

তারপর চাশতের সালাত আদায় করে। তবে এই ব্যক্তি অতি দ্রুত ফিরে আসে এবং বিশাল গানীমত লাভ করে।”[1]

## ফুটনোট

[1] মুনযিরী, আত তারগীব ওয়াত তারহীব: ১/৪৬৩-৪৬৪; মুসনাদ আহমাদ: ২/১৭৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সম্ভাব্য হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৫৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91852

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন